পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিরণী

সভাপতি ঃ মোছাঃ নারগিস সুলতানা
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা

স্থান : উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়
শ্রীপুর, মাগুরা।
তারিখ: ৩০/০৩/২০২২ খ্রি:

আলোচনা ও সিদ্ধান্তঃ

অদ্যকার সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার সভাপতি জনাব মোছাঃ নারগিস সুলতানা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর এর সভাপতিত্বে অদ্যকার সভার কার্য আরম্ভ করা হয়। সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতেই সভাপতি সাহেব অত্র পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সদস্য সচিব উপজেলা সমবায় কর্মকর্তাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতি সাহেবের অনুমতিক্রমে উপজেলা সমবায় কর্মকর্তা আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনা করেন।

সভার শুরুতেই উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত সকলকে সভায় উপস্থিত হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । আলোচনান্তে কারো কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

সদস্য সচিব ও উপজেলা সমবায় অফিসার সভাকে জনান অত্র দপ্তরের আওতায় সমবায় সমিতিগুলোতে অধিকাংশই ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে অফিসিয়াল তদারকীর মাধ্যমে উক্ত ঋণের মুনাফা যাতে সমিতির সদস্যদের উপর সহনীয় পর্যায় থাকে তা দেখভাল করা হয়। এ বিষয় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জানান তদারকীর বাইরে কোন সমিতি অসহনীয় সুদ / মুনাফা আদায় করলে কমিটির সকলকে চোখকান খোলা রেখে তদারকী করার জন্য পরামর্শ দেন। নিয়মিতভাবে তদারকী করা অব্যহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমবায় অফিসার জানান তার কার্যালয়ের মাধ্যমে সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক পরিচালিত উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। শ্রীপুর উপজেলার ১টি নারী উন্নয়ন সমবায় সমিতি গঠন হয়েছে। ১টি সমিতিতে ইতোপূর্বে ১০০ জনকে ৬০০০০/- টাকা করে ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে প্রকল্প হস্তান্তর পরবর্তী পরিশোধকৃত সদস্যদের নামে ১০০০০০/- টাকা করে ৪% সার্ভিস চার্জে ঋণ বিতরণ করা শুরু হয়েছে। এ বিষয়ে সভায় উপজেলা সমবায় অফিসার জানান উপজেলা নির্বাহি কর্মকর্তা ও উপজেলা চেয়ারম্যান মহোদয় এ বিষয় অবগত রয়েছে। বর্তমানে আদায়ের হার ৮০% এর কাছা কাছি থাকলেও উহা বৃদ্ধির জন্য নোটিশ করা হয়েছে। ধীরে ধীরে আদায়ের হার বৃদ্ধি পাচ্ছে বলে ইউসিও মহোদয় জানান। এই ঋণের মধ্যে কিস্তি খেলাপী সদস্যদের ঋণ আদায়ে উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে সকলে সর্বাত্বক সহযোগিতা করবে বলে জানান।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

মোছাঃ নারগিস সুলতানা
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি এবং
মহিলা ভাইস চেয়ারম্যান , শ্রীপুর, মাগুরা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।
০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা।
০৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।

উপজেলা সমবায় অফিসার
শ্রীপুর, মাগুরা।

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার **কার্যবিরণী**

সভাপতি ঃ মোছাঃ নারগিস সুলতানা
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা

স্থান : উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়
শ্রীপুর, মাগুরা।
তারিখ: ১৩/১২/২০২১ খ্রি:

আলোচনা ও সিদ্ধান্তঃ

অদ্যকার সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার সভাপতি জনাব মোছাঃ নারগিস সুলতানা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর এর সভাপতিত্বে অদ্যকার সভার কার্য আরম্ভ করা হয়। সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতেই সভাপতি সাহেব অত্র পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সদস্য সচিব উপজেলা সমবায় কর্মকর্তাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতি সাহেবের অনুমতিক্রমে উপজেলা সমবায় কর্মকর্তা আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনা করেন।

সভার শুরুতেই উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত সকলকে সভায় উপস্থিত হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । আলোচনান্তে কারো কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

সদস্য সচিব ও উপজেলা সমবায় অফিসার সভাকে জনান অত্র উপজেলায় ৪টি আশ্রয়ণ প্রকল্প রয়েছে। যা সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক ঋণ কার্যক্রম পরিচালিত। প্রতিটি যেখানে পরিবার পুনর্বাসিত রয়েছে। উপকারভোগীগণ মাত্র ৮ % সার্ভিস চার্জে ঋণ নিয়ে অনেকেই ঋণ নিয়ে নিয়মিত কিস্তি দিচ্ছে না সে বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যান মহোদয় একটি ঋণ আদায়ী সভায় যোগদান করে তাদেরকে ঋণ পরিশোধের বিষয় নির্দেশনা দিলে আদায় কার্যক্রম ভালো হবে বলে । সভায় সভাপতি মহোদয় জানান। এ বিষয় বিস্তারিত আলোচনা হয়। নিয়মিতভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত হয়ে ঋণ আদায়ের প্রচেষ্ঠা অব্যহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমবায় অফিসার জানান তার কার্যালয়ের মাধ্যমে সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক পরিচালিত উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। বর্তমানে প্রকল্প হস্তান্তর পরবর্তী পরিশোধকৃত সদস্যদের নামে ১০০০০০/- টাকা করে ৪% সার্ভিস চার্জে ঋণ বিতরণ করা শুরু হয়েছে। এ বিষয়ে সভায় উপজেলা সমবায় অফিসার জানান উপজেলা নির্বাহি কর্মকর্তা ও উপজেলা চেয়ারম্যান মহোদয় এ বিষয় অবগত রয়েছে। এই ঋণের মধ্যে কিস্তি খেলাপী সদস্যদের ঋণ আদায়ে উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে সকলে সর্বাত্বক সহযোগিতা করবে বলে জানান।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

মোছাঃ নারগিস সুলতানা
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি এবং
মহিলা ভাইস চেয়ারম্যান , শ্রীপুর, মাগুরা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।
০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা।
০৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।

উপজেলা সমবায় অফিসার
শ্রীপুর, মাগুরা।